



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 1st Semester Examination, 2021

CC1-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুথি কে, কত সালে, কোথা থেকে আবিষ্কার করেন? পুথিটি কোন্ প্রতিষ্ঠান থেকে, কত সালে প্রকাশিত হয়? পুথিটির মধ্যে প্রাপ্ত চিরকূটে পুথিটির কী নাম পাওয়া যায়?
- (খ) চৈতন্য পূর্ববর্তী ও চৈতন্য পরবর্তী দুইজন বৈষ্ণব পদকর্তার নাম লেখ। এই পদকর্তাদের পদ রচনার বৈশিষ্ট্য অনধিক পাঁচ লাইনে লেখ।
- (গ) মনসামঙ্গল কাব্যধারার আদি কবি কে? পূর্ববঙ্গ ও উত্তরবঙ্গের দু'জন করে কবির নাম উল্লেখ করে মনসামঙ্গল কাব্যের চারটি বৈশিষ্ট্য লেখ।
- (ঘ) চৈতন্য পূর্ববর্তী ও পরবর্তী বাংলা সাহিত্যের ছয়টি পার্থক্য-বৈশিষ্ট্য লেখ।
- (ঙ) চর্যাপদ কে, কত সালে, কোথা থেকে আবিষ্কার করেন? এই গ্রন্থটি কী নামে, কোথা থেকে, কত সালে প্রকাশিত হয়?
- (চ) মধ্যযুগের সাহিত্যের ইতিহাসে সুবর্ণযুগ বলে কোন্ সময়সীমাকে চিহ্নিত করা হয়? এই যুগকে সুবর্ণযুগ বলা হয় কেন, সংক্ষিপ্ত পরিসরে লেখ।

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) ঢাকা লেখঃ
- দ্বিজ মাধব, সন্ধ্যা ভাষা
- (খ) চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কাকে বলা হয়? তাঁর কাব্যকৃতি আলোচনা কর।
- (গ) “মহাভারতের কথা অমৃত সমান” – কবি কথিত এই উক্তি তাঁর মহাভারতের অনুবাদকে কতটা মৌলিক করে তুলেছে, সংক্ষিপ্ত আকারে তার পরিচয় দাও।
- (ঘ) চর্যাপদে প্রতিফলিত তদানীন্তন সমাজের যে চলচিত্র পাওয়া যায়, তার পরিচয় দাও।
- (ঙ) বৈষ্ণব কবি হিসাবে কবি চণ্ডীদাসের নিজস্বতা নিজের ভাষায় লেখ।
- (চ) বাংলার সমাজ-সংস্কৃতিতে তুর্কী আক্রমণের প্রভাব সম্পর্কে আলোচনা কর।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১২×২ = ২৪

- (ক) বাংলা সাহিত্যে কবি বিদ্যাপতিকে অন্তর্ভুক্তির যৌক্তিকতা বিচার কর।
- (খ) আরাকান রোসাঙ রাজসভার সাহিত্য মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে কেন বিশেষভাবে উল্লেখযোগ্য। এই রাজসভার অন্যতম কবি সৈয়দ আলাওলের কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের গুরুত্ব বাংলা সাহিত্যের ইতিহাসে কীভাবে ব্যাখ্যাত হয়, আলোচনা কর। প্রসঙ্গত এই কাব্যের গঠনগত বৈচিত্র্য কী? তার সানুপুঞ্জ উত্তর দাও।
- (ঘ) চর্যা পূর্ববর্তী বাঙালির সাহিত্যচর্চার পরিচয় দাও।

—x—